

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২  
[www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd)

স্মারকঃ ৪৫.০১.০০০০.০০০.০০৪.১৩.০০০১.২০.৫৪-৭৬


তারিখঃ ০৯/০৩/২০২৬ইং

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন দেশের সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ, সাধারণ অধিশাখা, স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩ তারিখ: ০৫ মার্চ ২০২৬ইং সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করা প্রয়োজন। এলক্ষে, স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন দেশের সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে সকল কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিত করা প্রয়োজন। এ লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংযুক্ত পত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



ডাঃ কামরুল হাসান  
উপপরিচালক (পার-২)

ও

পরিচালক (প্রশাসন)

অতিরিক্ত দায়িত্ব

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ফোন নংঃ ০২-৯৮৫৫৯৬৭

ইমেইলঃ [hrm@ld.dghs.gov.bd](mailto:hrm@ld.dghs.gov.bd)

স্মারকঃ ৪৫.০১.০০০০.০০০.০০৪.১৩.০০০১.২০.৫৪-৭৩/৯(৫২২)

তারিখঃ ০৯/০৩/২০২৬ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃ আঃ- সচিব মহোদয়ের একান্ত সচিব)
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক (সমন্বয়)
৩. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/ (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. পরিচালক (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. অধ্যক্ষ (সকল), মেডিকেল কলেজ সমূহ।
৬. পরিচালক (সকল) মেডিকেল কলেজ হাসপাতাল / বিশেষায়িত হাসপাতাল ও ইন্সটিটিউট সমূহ।
৭. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সকল।
৮. অধ্যক্ষ, আইএইচটি/ম্যাটস সমূহ (সকল)।
৯. তত্ত্বাবধায়ক (সকল), জেলা/ সদর হাসপাতাল সমূহ।

১০. সিভিল সার্জন (সকল)।

১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (পত্রটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ) এবং

১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।



ডাঃ কামরুল হাসান  
উপপরিচালক (পার-২)

ও

পরিচালক (প্রশাসন)  
অতিরিক্ত দায়িত্ব  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

AD/Perm4  
Plz. circulate  
১  
২.৩.২৬

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২  
০৫ মার্চ ২০২৬

**বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করা প্রয়োজন। সকল সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা ও কর্পোরেশনসহ সকল অফিসসমূহে কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিত করা প্রয়োজন। এ লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে।
- বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে।
- অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে।
- এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে।
- অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে।
- অফিসের করিডোর, সিড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে।
- বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
- অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে।
- যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।
- গাড়ির ব্যবহার সীমিত করতে হবে।
- জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।

২। উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্ব স্ব নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(তানিয়া আফরোজ)  
উপসচিব

ফোন: ০২-২২৬৬৪১০৪৮

[general\\_sec@cabinet.gov.bd](mailto:general_sec@cabinet.gov.bd)

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ২। কমিশনার (সকল বিভাগ)।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।